

# দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওমান্নল হোসেন মানিক মিয়া

দুমকিতে প্রথম সিসি ক্যামেরার আওতায় জেএসসি পরীক্ষা!

 ০২ নভেম্বর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

দুমকি (পটুয়াখালী) সংবাদদাতা

দুমকিতে বৃহস্পতিবার ক্লোজ সার্কিট ক্যামেরার আওতায় জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষা (জেডিসি) শুরু হয়েছে। এ বছরই প্রথম সিসি ক্যামেরার আওতায় দুমকি উপজেলার চারটি কেন্দ্রের একটিতে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রায়হান আহমেদ বলেন, দুমকিতে এ বছর এই প্রথম সিসি ক্যামেরার আওতায় পরীক্ষা নেওয়া হচ্ছে। তবে আর্থিক সংকট ও সময় স্বল্পতার কারণে চারটি কেন্দ্রের মধ্যে দুমকি আপতুননেছা মডেল মাধ্যমিক বিদ্যালয়ের ৫টি কক্ষে এই ক্যামেরা স্থাপন করা হয়েছে। আগামী বছরে প্রতিটি পরীক্ষা কেন্দ্রে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা হবে। তিনি আরো বলেন, পরীক্ষা কেন্দ্রে ছাত্র-শিক্ষকদের যথাসময়ে উপস্থিতি, শান্তিপূর্ণ ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সম্পন্ন করতেই এ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

দুমকি আপতুননেছা মডেল মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রের কেন্দ্র সচিব প্রধান শিক্ষক মো. আলমগীর হোসেন জানান, সিসি ক্যামেরার মাধ্যমে কেন্দ্রে পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি ছাড়াও বহিরাগতের প্রবেশসহ সার্বিক বিষয় মনিটরিং করা হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত